

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বস্ত্র-১ শাখা
www.motj.gov.bd ;

নং-২৪.০০.০০০০.১১৫.১১.০১৩.১৫- ১৩৩

তারিখঃ

১৮ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৮-১২-২০১৬ তারিখের ৮০.০০.০০.৩০১ (গোপনীয়).১১.২১১৭.১৬-২৮৫নং পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত প্রার্থীকে বস্ত্র পরিদপ্তরের নিয়ন্ত্রণাধীন ০৫ টি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের (চট্টগ্রাম, পাবনা, নোয়াখালী, টাংগাইল ও বরিশাল) জন্য অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনকৃত প্রথম শ্রেণির সহকারী অধ্যাপক (কারিগরি), পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে ৩৫৫০০-৬৭০১০/-টাকা বেতনক্রমে (৬ষ্ঠ গ্রেডে) অস্থায়ীভাবে ও নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রঃ নং	প্রার্থীর ও পিতা-মাতার নাম এবং রেজিঃ নং	পদের নাম	স্থায়ী ঠিকানা
০১।	জনাব কায়সার আহমেদ পিতাঃ মজিবুর রহমান মাতাঃ খুকিয়া রহমান রেজিঃ নং ০০০০৫৬	সহকারী অধ্যাপক (কারিগরি)	বাসা নং ৬৬, আব্দুল গফুর খান রোড গ্রামঃ শিলমুন ডাকঘরঃ মনুগর উপজেলাঃ টংগী জেলাঃ গাজীপুর।

০২। শর্তাবলীঃ

- (ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে আগামী ২৫-০৮-২০১৭ তারিখের মধ্যে পরিচালক, বস্ত্র পরিদপ্তর, প্রধান কার্যালয়, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা বরাবরে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে চাকুরীতে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত নন মর্মে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (খ) বস্ত্র পরিদপ্তরের নিয়োগবিধি অনুযায়ী চাকুরী স্থায়ীকরণের ক্ষেত্রে নির্ধারিত শর্তাবলী পরিপালন হওয়ার পরেই কেবল সংশ্লিষ্ট পদের চাকুরিতে স্থায়ী করা হবে;
- (গ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঞ্জীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (ঘ) চাকুরীতে যোগদানকালে তাঁর যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঞ্জীকার নামা (বন্ড) সম্পাদন করতে হবে যে, তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যের জন্য যৌতুক নিবেন না বা যৌতুক দিবেন না;
- (ঙ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরী নিয়ন্ত্রিত হবে; এবং
- (চ) চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৮-০৭

(বেবী পারভীন)

উপসচিব

ফোনঃ ৯৫১ ৫৫ ৯০

নং-২৪.০০.০০০০.১১৫.১১.০১৩.১৫-৬৬৬/৫

তারিখঃ

১৬ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ

০২ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ০২। পরিচালক, বস্ত্র পরিদপ্তর, বস্ত্র ভবন, কাওরান বাজার, ঢাকা (প্রার্থীর ছবি ও সংশ্লিষ্ট কাগজ পত্রাদি এতদসঙ্গে সংযোজনপূর্বক প্রেরণ করা হলো যা, যোগদান পত্রের সাথে ফেরত প্রদান করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ✓ ০৬। প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ০৭। জনাব কায়সার আহমেদ, পিতা-মজিবুর রহমান, বাড়ী-৬৬, আব্দুল গফুর খান রোড, গ্রামঃ শিলমুন, ডাকঘরঃ মনুনগর, উপজেলাঃ টংগী, জেলাঃ গাজীপুর।
- ০৮। অফিস কপি/ব্যক্তিগত কপি।

২.৬.১৭

(বেবী পারভীন)

উপ-সচিব